হলদিয়া পেট্রোকেমে ব্লাস্ট, মৃত এক

এই সময়, হলদিয়া: অগ্নিকাণ্ড পূর্ব মেদিনীপুরের হলদিয়া পেট্রোকেমিক্যালসে। মৃত এক, আহত অন্তত ১৬ জন। মঙ্গলবার ভোর সাড়ে ৪টে নাগাদ ওই সংস্থার ন্যাপথা সরবরাহকারী পাইপলাইনে বিস্ফোরণের ফলে আগুন লাগে। পুড়ে যায় বেশ কিছু ঘর, ঝুপড়ি, গবাদি পশু, গাছপালা। আহতদের মধ্যে ছ'জনকে তমলুক মেডিক্যাল কলেজে, পাঁচ জনকে হলদিয়া মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। পরে আশঙ্কাজনক অবস্থায় এসএসকেএম হাসপাতালে পাঠানো হয় চার জনকে। আহত মানু বিবি (৪৫) কলকাতার একটি বেসরকারি হাসপাতালে রাতে মারা যান। তাঁর বাড়ি শিল্পতালুক লাগোয়া ঝিলপাড় এলাকায়।

ওই পেট্রোকেমিক্যালস থেকে পাইপলাইন গিয়েছে তিন কিলোমিটার দূরে বন্দরের বার্থ পর্যন্ত। সোমবার সেই পাইপলাইনের মাধ্যমে জাহাজে ন্যাপথা সরবরাহ করা হচ্ছিল। স্থানীয় সূত্রে দাবি, সোমবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ পাইপলাইনে লিকেজ দেখেন ঝিলপাড়ের বাসিন্দারা। সঙ্গে সঙ্গে

তখনও জ্বলছে আগুন। মঙ্গলবার

তাঁরা স্থানীয় নিরাপত্তাকর্মীকে বিষয়টি জানান। তিনি সংশ্লিষ্ট কর্তাদের বিষয়টি জানান। অভিযোগ, সংস্থার কর্তারা হেলদোল দেখাননি। উল্টে জানিয়ে দেন, ন্যাপথা সরবরাহের কাজ চলছে। কাজ বন্ধ করা হলে আর্থিক ক্ষতি হবে। স্থানীয়রা হলদিয়া থানায় খবর দেন। থানাও বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে জানিয়ে সতর্ক করে। রাত ১২.৩০ নাগাদ ন্যাপথা বেরোনোর পরিমাণ বেড়ে গেলে তাও কর্তৃপক্ষকে জানানো হয়। কোনও পদক্ষেপ করা হয়নি বলে দাবি।

মঙ্গলবার ভোরে আগুন লাগার পরে নিমেষে তা ছড়িয়ে পড়ে চারপাশে। পুড়ে যায় সংলগ্ন শান্তি কলোনির সাতটি বাড়ি। খবর পেয়ে হলদিয়া ফায়ার স্টেশন এবং পেট্রোকেমিক্যালসের নিজস্ব দমকল-সহ ১৫টি ইঞ্জিন পৌঁছয়। আগুন নেভাতে গিয়ে তিন জন সিকিউরিটি, এক জন আধিকারিক এবং দু'জন দমকলকর্মী জখম হয়েছেন। অগ্নিকাণ্ডের ফলে

আহত অন্তত ১৬

হলদিয়া-হাওড়া ট্রেন চলাচলে বিঘ্ন ঘটে। হলদিয়া-আসানসোল ট্রেন তমলুক স্টেশনে দাঁড় করিয়ে দেওয়া হয়।

হলদিয়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন কুড়ি বছরের নারায়ণ ভুঁইয়া বলেন, 'লিকেজের খবর পেট্রোকেমিক্যাল কর্তৃপক্ষকে বার বার জানিয়েছি। পুলিশকেও জানিয়েছি। প্রয়োজনীয় ব্যবস্থা না নেওয়ায় দুর্ঘটনার শিকার হলাম।' পূর্ব মেদিনীপুরের জেলাশাসক নিরঞ্জন কুমার, পুলিশ সুপার অংশুমান সাহা-সহ বেশ কয়েক জন প্রশাসনিক কর্তা ঘটনাস্থলে যান। জেলাশাসক বলেন, 'কী ভাবে আগুন লেগেছে তা এখনও বলা যাচ্ছে না। হলদিয়া পেট্রোকেমিক্যালসের মুম্বইয়ের টিম তা খতিয়ে দেখবে। আপাতত ন্যাপথার মেন লাইন বন্ধ।' এসপি বলেন, 'কী ভাবে আগুন লাগল তা খতিয়ে দেখা হবে। আহতদের চিকিৎসার বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়েছে।' হলদিয়ার বিজেপি বিধায়ক প্রদীপ কুমার বিজলী বলেন, 'পেট্রোকেমিক্যাল কর্তৃপক্ষ সোমবার সন্ধ্যায় যদি প্রয়োজনীয় পদক্ষেপ করতেন তা হলে এত বড় ঘটত না। আমি ওঁদের সঙ্গে কথা বলেছি। ওঁরা স্বীকার করেছেন, তাঁদের ভুলে এই দুর্ঘটনা ঘটেছে।'

পেট্রোকেমিক্যালস কর্তৃপক্ষের অধীন একটি জনসংযোগকারী সংস্থার তরফে জানানো হয়েছে, ন্যাপথা পরিবাহী পাইপলাইনে যে অগ্নিকাণ্ড ঘটেছে, তা তদন্তাধীন। এই ঘটনায় রান্নার গ্যাস সরবরাহকারী ইন্ডিয়ান অয়েল পেট্রোনাস প্রাইভেট লিমিটেডের পাইপলাইনেরও ক্ষতি হয়েছে। তবে এই মুহূর্তে তাঁরা মানুষের নিরাপত্তার বিষয়ে বেশি গুরুত্ব দিচ্ছেন।

টলিউড

▶ প্রথম পাতার পর

করেন। তিনি জানিয়েছিলেন, এখন থেকে কোনও আলাদা গিল্ড, ফেডারেশন, আর্টিস্ট ফোরামের অস্তিত্ব থাকবে না। একটাই সংগঠনের অধীনে সকলে থাকবেন, সেটাই কনফেডারেশন।

প্রশ্ন উঠেছে, কনফেডারেশন কি আদৌ কোনও সংগঠন? প্রকাশ্যে আসা নথিতে দেখা যাচ্ছে, এটি আসলে একটি নন প্রফিট কোম্পানি। যার দু'জন ডিরেক্টর। তাঁদের এক জন টালিগঞ্জের বিধায়কের ঘনিষ্ঠ বলে অভিযোগ। হাওড়ার একটি ঠিকানা ওই সংস্থার সদর দপ্তর হিসেবে নথিভুক্ত রয়েছে। অভিযোগ, প্রয়াত অভিনেতা রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায়ের বাড়ির অদূরে বিজয়গড়ের একটি পার্টি অফিস থেকে ওই সংগঠনের সদস্য হওয়ার জন্য যে ফর্ম দেওয়া হচ্ছে, তাতে ঠিকানা হিসেবে লেখা রয়েছে টেকনিশিয়ান্স স্টুডিয়োর নাম। একটি সরকারি স্টুডিয়োর ঠিকানা এ ভাবে ব্যবহার করা যায় কি না, প্রশ্ন উঠেছে। যে পার্টি অফিস থেকে ফর্ম বিলি হচ্ছে, সেটি পরিবর্তনের আগে ছিল এলাকার প্রাক্তন তৃণমূল বিধায়ক অরূপ বিশ্বাসের। ফল প্রকাশের পরে সেটি পাপিয়ার অফিসে পরিণত হয়।

পালাবদলের পরে টালিগঞ্জের পরিস্থিতি খতিয়ে দেখতে এবং ট্রেড ইউনিয়ন আইন দ্বারা গঠিত গিল্ড এবং ফেডারেশনের পুনর্গঠন পর্যন্ত যাতে শুটিংয়ের কাজ ঠিক ভাবে পরিচালিত হয়, তা দেখার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একটি কমিটি গঠন করে দেন। সেখানে রয়েছেন বিজেপির চার বিধায়ক রুদ্রনীল ঘোষ, রূপা গঙ্গোপাধ্যায়, হিরণ চট্টোপাধ্যায় এবং পাপিয়া অধিকারী। রূপা এ দিন বলেন, 'আমি জানি না এটা কী। এ বিষয়ে শমীকবাবু, মুখ্যমন্ত্রী যা বলবেন তাতেই আমার সায় থাকবে।' রুদ্রনীলের কথায়, 'পাপিয়াদি প্রেস কনফারেন্স করে এই কনফেডারেশনের কথা বলেছিলেন। স্টুডিয়োপাড়ার অনেকের কাছেই বিষয়টা ধোঁয়াশাপূর্ণ। রাজ্য সভাপতি ইতিমধ্যেই স্পষ্ট করে দিয়েছেন যে, এর সঙ্গে দলের কোনও সম্পর্ক নেই।' সরকারি কমিটির সদস্য হওয়ার পাশাপাশি রুদ্রনীল বঙ্গ বিজেপি-র সাংস্কৃতিক শাখার প্রধানও।

তাঁর সংযোজন, 'এত দিন তৃণমূলের স্বরূপরা ফিল্ম ইন্ডাস্ট্রি অবৈধ ভাবে দখল করে অন্যায় ভাবে চালিয়েছিল। নতুন সরকারের আমলে শিল্পজগৎ বা স্টুডিয়ো চলবে বৈধ ও স্বচ্ছতার সঙ্গে, যোগ্য কলাকুশলীদের দিয়ে। এটাই দল এবং সরকারের নীতি।' আর কী বলছেন পাপিয়া? তাঁর বক্তব্য, 'রাজ্য সভাপতি একদম ঠিক কথাই বলেছেন। কনফেডারেশনের সঙ্গে বিজেপি-র কোনও সংস্রব নেই।' তা হলে তাঁর পার্টি অফিস থেকে কেন ফর্ম বিলি? পাপিয়ার ব্যাখ্যা, 'আমি তো এলাকার বিধায়ক। আমার এলাকার মধ্যে এই স্টুডিয়োগুলো পড়ে। আপনারা কি আমাকে এলাকাবাসীর জন্য কাজ করতেও দেবেন না?' যে সংগঠনকে ঘিরে বিতর্ক, সেই কনফেডারেশনের অন্যতম ডিরেক্টর সাধন তালুকদার অবশ্য জানাচ্ছেন, ২০১৯-এ বিজেপি-তে যোগ দেওয়া শিল্পীদের যখন তৃণমূল কাজ করতে দিচ্ছিল না, সে সময়ে দলের অনুমতি নিয়েই তা তৈরি করা হয়। তবে তিনিও মেনে নিচ্ছেন এর সঙ্গে বিজেপি-র সরাসরি কোনও যোগ নেই। তা হলে টাকা তোলা, সরকারি ঠিকানা ব্যবহার করার মতো অভিযোগ কেন? সাধনের জবাব, 'আমাদের সদস্য হতে গেলে বছরে ৭০০ টাকা চাঁদা দিতে হয়। আমরা সেই চাঁদা ৪ মে-র আগেই নিয়েছি। পরে কিছু নেওয়া হয়নি।' তাঁর সংযোজন, 'আমরা টেকনিশিয়ান্স স্টুডিয়োয় একটা ক্যাম্প অফিস করার জন্য অনুমতি চেয়েছিলাম। এখনও অনুমতি আসেনি। কিন্তু একটা ফর্ম আমরা ওই ঠিকানায় তৈরি করেছি। সেটা কোনও ভাবে বাইরে লিক হয়ে গিয়েছে।'

নতুন সংগঠন নিয়ে বিতর্কের মুখে মঙ্গলবার পাপিয়া একটি অস্থায়ী কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়ে নিজের প্যাডে তা বিজ্ঞপ্তি আকারে জানিয়েছেন। তা হলে এই কাজে আগে থেকেই দায়িত্বপ্রাপ্ত সরকারি কমিটির ভূমিকা কী হবে? তার সদুত্তর অবশ্য পাওয়া যায়নি।

পঞ্জাব নেশনাল বৈঙ্ক (भारत सरकार का उपक्रम) | pnb | punjab national bank (Govt. of India Undertaking)

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

সিও-এসএএমডি: মালদা, সার্কেল অফিস: মালদা, তৃতীয় তল, বিএসএনএল মালদা, থানা- ইংলিশ বাজার, এইচপিও মালদা পোস্ট অফিসের পেছনে এবং জেলা- মালদা, পিন- ৭৩২ ১০১, ই-মেল: COMALDAREC@PNB.BANK.IN

সারফাইসি অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর নিয়ম ৮(৬)-এর শর্তাবলী সহ নিয়ম ৯(১)-এর শর্তাবলী অনুযায়ী স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

সর্বসাধারণ এবং বিশেষ করে ঋণগ্রহীতা ও জামিনদারদের এতদ্বারা অবহিত করা হচ্ছে যে, নিচে বর্ণিত স্থাবর সম্পত্তিটি সুরক্ষিত পাওনাদারের নিকট বন্ধক/দায়বদ্ধ রয়েছে। উক্ত সম্পত্তির গঠনমূলক/বাস্তবিক/প্রতীকী দখল ব্যাংকের/সুরক্ষিত পাওনাদারের অনুমোদিত কর্মকর্তা গ্রহণ করেছেন। ব্যাংক/সুরক্ষিত পাওনাদারের প্রাপ্য বকেয়া টাকা সংশ্লিষ্ট ঋণগ্রহীতা ও জামিনদারদের কাছ থেকে আদায়ের লক্ষ্যে নিচে দেওয়া সারণীতে উল্লেখিত তারিখে "যেখানে যেমন আছে", "যা কিছু আছে" এবং "যেমন অবস্থায় আছে" ভিত্তিতে সম্পত্তিটি বিক্রি করা হবে। সংশ্লিষ্ট সম্পত্তির বিপরীতে সংরক্ষিত মূল্য এবং বায়নার টাকা জমার পরিমাণ নিচের সারণীতে উল্লেখ করা হয়েছে।

ই-নিলামের তারিখ ও সময়: ১৭/০৭/২০২৬, সকাল ১১:০০ টা থেকে বিকেল ০৪:০০ টা পর্যন্ত।
বায়নার টাকা জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ১৭/০৭/২০২৬, দুপুর ০৩:০০ টে পর্যন্ত।
সিও-এসএএমডি, মালদা, সঙ্গীতা নায়ক, চিফ ম্যানেজার (অনুমোদিত আধিকারিক), মোবাইল নং: ৭৭৫২০২৯৮৮৫
ই-নিলাম কালেকশন অ্যাকাউন্ট বিবরণী: অ্যাকাউন্টের নাম RTGS-INTERBANK ACCOUNT, 9065003171165A, (IFSC): PUNB0906500

সুরক্ষিত সম্পদের তফসিল

লট নং	শাখার নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা/ জামিনদাতাগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকে থাকা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ/ মালিকের নাম (সম্পত্তি(গুলির) বন্ধকদাতা)	ক) সারফায়েসি আইন ২০০২-এর ধারা ১৩(২) অনুযায়ী দাবির বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক ...সময়ের হিসেবে গ) সারফায়েসি আইন ২০০২-এর ধারা ১৩(৪) অনুযায়ী দখলের তারিখ ঘ) দখলের ধরন প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক	ক) সংরক্ষিত মূল্য (লক্ষে) খ) ইএমডি গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) ইএমডি জমার শেষ তারিখ
১	**মালদা- ০২৩৩২০** **রতন সরকার (অ্যাকাউন্ট:- ০২৩৩৩০০২০৯২৫০)** **ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা:** **মিঃ রতন সরকার**, পিতা- স্বর্গীয় ফেকন সরকার ঠিকানা- ফ্ল্যাট নং- এফ-১৭, পঞ্চম তল, গোকুল ভবন অ্যাপার্টমেন্ট, পোস্ট- মকদমপুর, থানা- ইংলিশ বাজার, মালদা- ৭৩২১০১ **জামিনদাতা: শ্রীমতি মায়া সরকার**, স্বামী- রতন সরকার ঠিকানা- ফ্ল্যাট নং- এফ-১৭, পঞ্চম তল, গোকুল ভবন অ্যাপার্টমেন্ট, পোস্ট- মকদমপুর, থানা- ইংলিশ বাজার, মালদা- ৭৩২১০১	আবাসিক ফ্ল্যাট যার নং- এফ-১৭- এর সমস্ত অংশ গোকুল ভবন অ্যাপার্টমেন্টের পঞ্চম তলে অবস্থিত, ফ্লোর এরিয়া ৬৫২ বর্গফুট, সুপার বিল্ট আপ এরিয়া ৯৬৪ বর্গফুট, মিঃ রতন সরকারের নামে রয়েছে, পিতা- স্বর্গীয় ফেকন সরকার জে এল নং- ৬৮-এ অবস্থিত, আর.এস খতিয়ান নং- ৪৮৪, এল.আর খতিয়ান নং- ২১০২, আর.এস প্লট নং- ২০০, এল.আর প্লট নং- ৮৫৯, ওয়ার্ড নং- ৮, হোল্ডিং নং- ৪/১২ মৌজা- মকদমপুর, থানা- ইংলিশ বাজার, জেলা- মালদা, শ্রেণীবিভাগ- বাস্তু, রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং- ০৮৪৪২/২০১০ তারিখ- ২৫-১১-২০১০- এর মাধ্যমে বন্ধকে রয়েছে। **দলিল অনুযায়ী চারপাশে রয়েছে:** পূর্বে- ফ্ল্যাট নং- ১৬- এর প্যাসেজ, পশ্চিমে- কমন প্যাসেজ, উত্তরে- ফ্ল্যাট নং- ১৬, দক্ষিণে- সিঁড়ি।	ক) ০২/০৮/২০২৫ এবং সংশোধনী বিজ্ঞপ্তি তারিখ- ২৫-০৯-২০২৫ খ) ১৩,০১,৪৭৮.৫২ টাকা (তেরো লক্ষ এক হাজার চারশো আটাত্তর টাকা এবং বাহান্ন পয়সা মাত্র) ৩১/০৭/২০২৫ তারিখ পর্যন্ত, সঙ্গে চুক্তিভিত্তিক হারে ০১/০৮/২০২৫ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং অন্যান্য খরচসমূহ, পুনরুদ্ধার যদি কিছু হয় তা বাদ যাবে, যেমন দাবির বিজ্ঞপ্তিতে উল্লিখিত রয়েছে গ) ২৭/১১/২০২৫ ঘ) প্রতীকী	ক) ২৪.৫৮ লক্ষ টাকা খ) ২.৪৫৮ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা
২	**ইসলামপুর- ০৪৯২২০** **সঞ্জিত সরকার (অ্যাকাউন্ট:- ০৪৯২৩০৫৬২৫৩৭২)** **ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা:** **মিঃ সঞ্জিত সরকার**, পিতা- মিঃ মনোরঞ্জন সরকার ঠিকানা:- কলেজ পাড়া, ওয়ার্ড নং- ৮, পোস্ট এবং থানা- ইসলামপুর, জেলা- উত্তর দিনাজপুর- ৭৩৩২০২ **সহ-ঋণগ্রহীতা- মিসেস বেবি ঠাকুর সরকার**, স্বামী- মিঃ সঞ্জিত সরকার ঠিকানা- কলেজ পাড়া, ওয়ার্ড নং- ৮, পোস্ট + থানা- ইসলামপুর, জেলা- উত্তর দিনাজপুর- ৭৩৩২০২ **জামিনদাতা- মিঃ রাতুল সরকার**, পিতা- রাধা রমন সরকার ঠিকানা- থানা কলোনি থানা- ইসলামপুর, জেলা- উত্তর দিনাজপুর- ৭৩৩২০২	জমি ও ভবনের সমস্ত অংশ জে এল নং- ৫৯- এ অবস্থিত, খতিয়ান নং-আর.এস- ২৪০, এল.আর ৫০০৮, প্লট নং-আর.এস- ১৯৭৫, এল.আর প্লট নং- ১৯৪০, মৌজা- ইসলামপুর, থানা- ইসলামপুর, জেলা- উত্তর দিনাজপুর, শ্রেণীবিভাগ- বাস্তু, মোট জমির পরিমাপ ৫ শতক (ভবন যার এরিয়া ৭৯৮ বর্গফুট যা এই জমির উপর নির্মিত) মিঃ সঞ্জিত সরকারের নামে রয়েছে, পিতা- মিঃ মনোরঞ্জন সরকার, রেজিস্ট্রিকৃত দলিল নং- ১৮০২০০৫৩২/২০১৮ তারিখ ০৭-০২-২০১৮- এর মাধ্যমে বন্ধকে রয়েছে। **দলিল অনুযায়ী চারপাশে রয়েছে:-** পূর্বে- সুব্রত বণিক, পশ্চিমে- বাবলু কুণ্ডু, উত্তরে- ৮ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে- তিস্তার দেওয়াল	ক) ১১/০৭/২০২৫ খ) ১৭,৭২,৩০৩.২৮ টাকা (সতেরো লক্ষ বাহাত্তর হাজার তিনশো তিন টাকা এবং আঠাশ পয়সা মাত্র) সঙ্গে ০১-০৭-২০২৫ তারিখ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং অন্যান্য খরচ, পুনরুদ্ধার কিছু হলে বাদ যাবে গ) ১৩/১১/২০২৫ ঘ) প্রতীকী	ক) ২২.৫৫ লক্ষ টাকা খ) ২.২৫৫ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা
৩	**বালুরঘাট-০২৩৫২০** **মিঃ বিক্রমজিৎ চৌধুরী** **০২৩৫২১৩০৩৩১৫১ (ওডিটিআরডি)** **ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা:-** **মিঃ বিক্রমজিৎ চৌধুরী**, পিতা- স্বর্গীয় বিশ্বনাথ চৌধুরী ঠিকানা- গ্রাম- খাদিমপুর মাস্টারপাড়া পোস্ট এবং থানা- বালুরঘাট জেলা- দক্ষিণ দিনাজপুর- পিন- ৭৩৩১০১	জমি ও ভবনের সমস্ত অংশ ওয়ার্ড নং- ৫- এ অবস্থিত, জে.এল নং- ১১০, এল.আর খতিয়ান নং- ২৩৭৪, এল.আর খতিয়ান নং- ৪৩৬, এল.আর খতিয়ান নং- ২৮৫২ এল.আর প্লট নং- ১২৩৯, হোল্ডিং নং- ৩৭৮/৩৩৫, মৌজা- খাদিমপুর, থানা- বালুরঘাট, জেলা- দক্ষিণ দিনাজপুর, শ্রেণীবিভাগ- বাস্তু, দলিল অনুযায়ী মোট জমির এরিয়া ৬.৮ শতক, বন্ধকী সম্পত্তির এরিয়া ৫.২৫ শতক **শ্রী বিক্রমজিৎ চৌধুরীর নামে রয়েছে**, পিতা- স্বর্গীয় বিশ্বনাথ চৌধুরী, রেজিস্ট্রিকৃত দানপত্র দলিল নং- ৯১৫/২০০৫ তারিখ ০৬/০৪/২০০৫- এর মাধ্যমে বন্ধকে রয়েছে। **দলিল অনুসারে চারপাশে রয়েছে:-** পূর্বে- রতন চৌধুরী এবং দক্ষিণ পূর্ব কোণ থেকে রাস্তা, পশ্চিমে- রঞ্জন বল মজুমদার, উত্তরে- বাসু ঘোষ এবং সিতু ঘোষ, দক্ষিণে- রঞ্জন বল মজুমদার	ক) ২০/০৬/২০২৫ খ) ২৩,০১,৭৯৩.২২ টাকা (তেইশ লক্ষ এক হাজার সাতশো তিরানব্বই টাকা এবং বাইশ পয়সা মাত্র) ৩১/০৫/২০২৫ তারিখ পর্যন্ত, সঙ্গে চুক্তিভিত্তিক হারে ০১/০৬/২০২৬ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং অন্যান্য খরচসমূহ, পুনরুদ্ধার যদি কিছু হয় তা বাদ যাবে, যেমন দাবির বিজ্ঞপ্তিতে উল্লিখিত রয়েছে গ) ১৩/১১/২০২৫ ঘ) প্রতীকী	ক) ১৮.৫৫ লক্ষ টাকা খ) ১.৮৫৫ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা
৪	**বালুরঘাট (০৩৩৫২০)** **সন্দীপ মণ্ডল (অ্যাকাউন্ট:- ০২৩৫৩০০২৬৩৫২৮) হাউজিং লোন এবং (০২৩৫৩০০২৬৪৯৮৩) হাউজিং লোন** **ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা:** **মিঃ সন্দীপ মণ্ডল**, পিতা- সুনীল চন্দ্র মণ্ডল রয়্যাল প্লাজা ৩/১, সরোজ রঞ্জন সরণি মুক্তরপাড়া রোড, বালুরঘাট জেলা- দক্ষিণ দিনাজপুর পিন- ৭৩৩১০৩ দ্বিতীয় ঠিকানা- সন্দীপ মণ্ডল, পিতা- **মিঃ সুনীল চন্দ্র মণ্ডল** ঠিকানা- কলাবাড়ি খিদিরপুর বালুরঘাট দক্ষিণ দিনাজপুর ৭৩৩১০৩ মণ্ডল ঠিকানা- কলাবার	**ফ্ল্যাটের ন্যায়সঙ্গত বন্ধকী তপশীল-২ অনুসারে নীচে উল্লিখিত এবং জমির বিবরণ তপশীল-১ অনুযায়ী** তপশীল-১ জমির সমস্ত অংশের পরিমাপ কম বেশি ০.০৭ একর অথবা ০৭ শতক আর.এস দাগ নং- ১৪৪৫, ১৪৫০ সংশ্লিষ্ট এল.আর প্লট নং- ২৮২৮, আর.এস খতিয়ান নং- ৫৭৯, এল.আর- ৬৭৬৬, ৬৭৬৭, ৬৭৬৮, জে.এল নং- ১০৯, মৌজা- বালুরঘাট, থানা- বালুরঘাট, বালুরঘাট মিউনিসিপ্যালিটির অধীনে ওয়ার্ড নং- ১২, এডিএসআর বালুরঘাট জেলা দক্ষিণ দিনাজপুরের সীমার মধ্যে এবং প্ল্যানে দেওয়া রয়েছে এবং **সীমানা নিম্নলিখিতভাবে রয়েছে:** উত্তরে- জয়ন্ত চ্যাটার্জির আইনি উত্তরাধিকারীগণ, দক্ষিণে- আশিস কুণ্ডু, পূর্বে- মিউনিসিপ্যালের রাস্তা, পশ্চিমে- তাপস গাঙ্গুলি। তপশীল-২ সম্পূর্ণ আবাসিক ইউনিটের পরিমাপ কম বেশি ৯৫০ বর্গফুট আচ্ছাদিত এরিয়া এবং ১৯১ বর্গফুট কমন সার্ভিস এরিয়া মোট কম বেশি ১১৪১ বর্গফুট সুপার বিল্ট এরিয়া ফ্ল্যাট নং- ০৩/১, নতুন ভবন "রয়্যাল প্লাজা"- এর উক্ত প্রেমিসেসে চতুর্থ তলে অবস্থিত সঙ্গে জমির অবিভক্ত আনুপাতিক ভাগ যা এখানে উপরে পুরোপুরি প্রথম তপশীলে বর্ণিত মৌজা- বালুরঘাটা, জে.এল নং- ১০৯, আর.এস খতিয়ান নং- ৫৭৯, এল.আর খতিয়ান নং- ৬৭৬৬, ৬৭৬৭, ৬৭৬৮, সংশ্লিষ্ট আর.এস প্লট নং- ১৪৪৫, ১৪৫০, সংশ্লিষ্ট এল.আর প্লট নং- ২৮২৮, থানা এবং এডিএসআর- বালুরঘাট প্রেমিসেস/হোল্ডিং নং- ২০০/২/১৮৮- এর অংশ এবং ভাগ (একত্রিত হোল্ডিং) বালুরঘাট মিউনিসিপ্যালিটির অধীনে, ওয়ার্ড নং- ১২ জেলা দক্ষিণ দিনাজপুর দলিল নং- ১৭০২০৩৮৭৮/২০১৭ তারিখ- ১৮/১২/২০১৭- এর মাধ্যমে সন্দীপ মণ্ডলের নামে বন্ধকে রয়েছে।	ক) ২৮/০৫/২০২৫ এবং ০৬/০৬/২০২৫ খ) ১৯,১২,৪৬৬.৭৭ টাকা (উনিশ লক্ষ বারো হাজার চারশো ছেষট্টি টাকা এবং সাতাত্তর পয়সা মাত্র) ৩১-০৫-২০২৫ তারিখ পর্যন্ত, সঙ্গে চুক্তিভিত্তিক হারে ০১/০৬/২০২৫ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং অন্যান্য খরচসমূহ, পুনরুদ্ধার যদি কিছু হয় তা বাদ যাবে, যেমন দাবির বিজ্ঞপ্তিতে উল্লিখিত রয়েছে। গ) ০১/০৯/২০২৫ ঘ) প্রতীকী	ক) ২৩.৫৮ লক্ষ টাকা খ) ২.৩৫৮ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা
৫	**গঙ্গারামপুর (০২৩৬২০)** **মেসার্স আবির হার্ডওয়্যার (অ্যাকাউন্ট:- ০২৩৬২৫০৩১৭৩১৩)** **ঋণগ্রহীতা: মেসার্স আবির হার্ডওয়্যার** **স্বত্বাধিকারী- মিঃ মুজাফফর রহমান মণ্ডল** ঠিকানা- কালদিঘি, হসপিটাল মোড়, পোস্ট এবং থানা- গঙ্গারামপুর, জেলা- দক্ষিণ দিনাজপুর- ৭৩৩১২৪ **বন্ধকদাতা:- মুজাফফর রহমান মণ্ডল**, পিতা- স্বর্গীয় মতিয়ার রহমান গ্রাম- পুরান পাড়া পোস্ট এবং থানা- গঙ্গারামপুর জেলা- দক্ষিণ দিনাজপুর- ৭৩৩১২৪	সম্পত্তির সমস্ত অংশের মধ্যে জমি ও ভবন জে.এল নং- ৮৬- এ অবস্থিত, এল আর খতিয়ান নং- ৭৮৫, এল.আর প্লট নং- ৬২০, ৬২২ মৌজা- পুরান পাড়া, থানা- গঙ্গারামপুর, জেলা- দক্ষিণ দিনাজপুর, শ্রেণীবিভাগ- বাস্তু, মোট জমির পরিমাপ ০৩ শতক রেজিস্ট্রিকৃত দলিল নং- ৯১১ তারিখ ১৭/০২/১৯৯৫- এর মাধ্যমে মিঃ মুজাফফর রহমান মণ্ডলের নামে বন্ধকে রয়েছে। **দলিল অনুসারে চারপাশে রয়েছে:-** উত্তরে- মিউনিসিপ্যালের রাস্তা, দক্ষিণে- শচীন সরকার, পূর্বে- বাসুদেব, পশ্চিমে- নিজস্ব জমি।	ক) ২৬/০৯/২০২৪ খ) ২০,৩০,৯৪৫.৪০ টাকা (৩১/০৮/২০২৪ তারিখ পর্যন্ত) সঙ্গে চুক্তিভিত্তিক হারে ০১/০৯/২০২৪ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং অন্যান্য খরচসমূহ, পুনরুদ্ধার যদি কিছু হয় তা বাদ যাবে, যেমন দাবির বিজ্ঞপ্তিতে উল্লিখিত রয়েছে। গ) ২৪/১২/২০২৪ ঘ) প্রতীকী	ক) ১৯.৬০ লক্ষ টাকা খ) ১.৯৬ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা
৬	**চঞ্চল- ০৫১৫২০** **মেসার্স দৃষ্টি এন্টারপ্রাইজেস** **(অংশীদারগণ:- মোহম্মদ হাজিকুল আলম, মিঃ প্রশান্ত হালদার এবং মিঃ বিজয় মিলন দাস)** গ্রাম- ধুমসাদাঙ্গি, পোস্ট- মোথিয়ারপুর, থানা- চঞ্চল, জেলা- মালদা, পশ্চিমবঙ্গ- ৭৩২১২৩, মোবাইল- ৮৯৬৭০০০৮৬৬ বন্ধকদাতা:- **মোহম্মদ হাজিকুল আলম**, পিতা- মোহম্মদ আজিমুদ্দিন আহমেদ গ্রাম- বড়গাছিয়া, সিঙ্গিয়া, পোস্ট- চঞ্চল জেলা- মালদা- ৭৩২১২৩, মোবাইল- ৯৮৫১৬৩৫৩৫৯৮ অংশীদার- **১) মোহম্মদ হাজিকুল আলম**, পিতা- মোহম্মদ আজিমুদ্দিন আহমেদ গ্রাম- বড়গাছিয়া, সিঙ্গিয়া, পোস্ট- চঞ্চল জেলা- মালদা- ৭৩২১২৩ **২) মিঃ প্রশান্ত হালদার**, পিতা- স্বর্গীয় অনিল হালদার ঠিকানা- গ্রাম- দক্ষিণপাড়া, পোস্ট- চঞ্চল, জেলা- মালদা, পশ্চিমবঙ্গ, ৭৩২১২৩ ঠিকানা-২-গ্রাম- অরবিন্দপল্লী, থানা- চঞ্চল, পোস্ট- চঞ্চল, জেলা- মালদা, পশ্চিমবঙ্গ ৭৩২১২৩ **৩) মিঃ বিজয় মিলন দাস**, পিতা- স্বর্গীয় সুভাষ চন্দ্র দাস গ্রাম- তেন্দেলপাড়া, পোস্ট এবং থানা- চঞ্চল, জেলা- মালদা, পশ্চিমবঙ্গ- ৭৩২১২৩ **জামিনদাতা- মিঃ বিজন কুমার মিত্র**, পিতা- মিঃ জয়ন্ত কুমার মিত্র গ্রাম- রুকুন্দপুর, পোস্ট- রাতুয়া, থানা- রাতুয়া জেলা- মালদা- ৭৩২২০৫ **জামিনদাতা- মোহম্মদ আজিমুদ্দিন আহমেদ** গ্রাম- বড়গাছিয়া, সিঙ্গিয়া, পোস্ট- চঞ্চল জেলা- মালদা, পশ্চিমবঙ্গ- ৭৩২১২৩ **জামিনদাতা- মিঃ দীপক চ্যাটার্জি**, পিতা- স্বর্গীয় রাম দাস চ্যাটার্জি গ্রাম- অরবিন্দপল্লী, লেন- ২, পোস্ট এবং থানা- চঞ্চল, জেলা- মালদা, পশ্চিমবঙ্গ- ৭৩২১২৩	সম্পত্তির সমস্ত অংশের মধ্যে জমি ও ভবন জেএল নং- ১৫০-তে অবস্থিত এল.আর খতিয়ান নং- ৪১৩, ১৩৭/১, ১৩৭/২ দাগ নং- আরএস/এলআর ৭১৫, মৌজা- বামুয়া, থানা- চঞ্চল, জেলা- মালদা শ্রেণীবিভাগ- বাস্তু, এরিয়া- ৮ শতক স্বত্বের দলিল নং- ৮৭৭৯/২০১৩, তারিখ- ০৮/১১/২০১৩ অনুযায়ী এডিএসআর চঞ্চলে **হাজিকুল আলমের নামে রয়েছে, পিতা- মোহম্মদ আজিমুদ্দিন।** **দলিল অনুসারে সীমানায় রয়েছে:** উত্তরে- মোহম্মদ আ